

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি দপ্তর

স-৪৫৮-২(আগরতলা ১৬। ১)
সোনামুড়া, ১৬ জানুয়ারি, ২০২৪

বটতলীতে ২দিনব্যাপী পৌষ সংক্রান্তি মেলা

প্রধানমন্ত্রী বিকশিত ভারত গড়ে তুলতে
উদ্যোগ নিয়েছেন : সামাজিক ন্যায় প্রতিমন্ত্রী

তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং নলচূড় পঞ্চায়েত সমিতির যৌথ উদ্যোগে গত ১৪ জানুয়ারি চন্দনমুড়া গ্রাম পঞ্চায়েতের বটতলীতে ২দিনব্যাপী পৌষ সংক্রান্তি মেলা অনুষ্ঠিত হয়। মেলার উদ্বোধন করে কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক হিন্দু ধর্মে মকর সংক্রান্তি পালন সম্পর্কিত পৌরাণিক তথ্য তুলে ধরেন। তিনি জনকল্যাণে সরকারের বিভিন্ন উন্নয়ন কর্মসূচি নিয়েও অনুষ্ঠানে আলোচনা করেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী নবেন্দ্র মোদি বিকশিত ভারত গড়ে তুলতে উদ্যোগ নিয়েছেন।

কেন্দ্রীয় সামাজিক ন্যায় প্রতিমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী নবেন্দ্র মোদি দেশের গরিব, কৃষক, শ্রমিক, জনজাতি ও সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষের কল্যাণের জন্য বিকশিত ভারত সংকল্প যাত্রার সূচনা করেছেন। বিভিন্ন সুযোগ সুবিধা থেকে এখনও যেসব যোগ্য ব্যক্তি বিষিত রয়েছেন তিনি তাদের এই সুযোগ গ্রহণ করার জন্য অনুরোধ জানিয়েছেন। কেন্দ্রীয় প্রতিমন্ত্রী আরও বলেন, প্রধানমন্ত্রী দেশের ১৮টি রাজ্য ও ১টি কেন্দ্র শাসিত রাজ্যের ৭৫টি পিছিয়েপড়া জনজাতিগোষ্ঠীর কৃষ্টি-সংস্কৃতির বিকাশ, রোজগার, অন্ন বন্ধ বাসস্থান ইত্যাদির সুযোগ সুবিধা প্রদান করার জন্য পিএম জনমন প্রকল্পের সূচনা করেছেন। এই প্রকল্পে সেসব জনজাতিদের বিকাশের জন্য ২৪ হাজার ১০৪ কোটি টাকার সংস্থান রাখা হয়েছে। তিনি বলেন, রাজ্যের ব্লু রিয়াৎ সম্প্রদায়কেও এই যোজনায় অন্তর্ভুক্ত করা হয়েছে।

অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় বলেন, মেলা হল মেলবন্ধন। মেলা পরস্পরের মধ্যে সৌহার্দ্যপূর্ণ পরিবেশ গড়ে তুলে। অনুষ্ঠানে এছাড়াও বক্তৃব্য রাখেন বিধায়ক রামপদ জমাতিয়া, বিধায়ক কিশোর বর্মণ, এমডিসি পদ্মলোচন ত্রিপুরা, বিশিষ্ট সমাজসেবী বিপিন দেববর্মা, নোয়াতিয়া হৃদা প্রতা রায় নোয়াতিয়া এবং ত্রিপুরী হৃদা পূর্ণ চন্দ্ৰ দেববর্মা। স্বাগত বক্তৃব্য রাখেন নলচূড় ঝুকের বিডিও ধূবজিৎ দেববর্মা। অনুষ্ঠানে বিধায়ক বিন্দু দেবনাথ, সোনামুড়া মহকুমার মহকুমা শাসক মানিকলাল দাস, সমাজসেবী দেববৰত ভট্টাচার্য, রুদ্রসাগর উদ্বাস্তু সমবায় সমিতির সভাপতি পবিত্র কুমার দাস, সম্পাদক পরমেশ্বর দাস প্রমুখ উপস্থিতি ছিলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন নলচূড় পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান জহরলাল ঘোষ।
